| |
|---|
| **বর্ণনাকারী:** এই ভিডিওটিতে শরণার্থী দাবির শুনানি সম্পর্কে সহায়ক তথ্য রয়েছে। আরও বিস্তারিত এবং হালনাগাদসমূহ আমাদের ওয়েবসাইটে উপলভ্য: irb.gc.ca |
| **সঙ্গীত:** ভিডিও জুড়ে মৃদু সঙ্গীত পেছনে বাজছে। |
| **বর্ণনাকারী:** যদি আপনি কানাডায় শরণার্থী সুরক্ষার জন্য দাবি করার যোগ্য হন, তাহলে ইমিগ্রেশন অ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা-র রিফিউজি প্রোটেকশন ডিভিশন (শরণার্থী সুরক্ষা বিভাগ) বা আর.পি.ডি (RPD)-র কাছে শুনানির সুযোগ আপনার থাকবে।<br><br>কিছু পরিস্থিতিতে, আর.পি.ডি (RPD) *শুনানি ছাড়াই* শরণার্থী সুরক্ষার জন্য দাবি গ্রহণ করতে পারে। আপনি যদি আপনার প্রমাণাদি আগেভাগে পাঠান, তাহলে আর.পি.ডি (RPD) এটি পর্যালোচনা করবে এবং শুনানি ছাড়াই আপনার দাবির সিদ্ধান্ত নিতে সক্ষম *হতে পারে*।<br><br>যদি আপনার শুনানির জন্য সময় নির্ধারণ করা হয়ে থাকে এবং আপনার দাবি শুনানির জন্য প্রস্তুত থাকে, তাহলে আর.পি.ডি (RPD) আপনার শুনানির তারিখ, সময় এবং স্থান সহ একটি *নোটিশ টু অ্যাপিয়ার* (*হাজির হওয়ার নোটিশ*) নামে একটি নথি পাঠাবে। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবি প্রক্রিয়ার মধ্য দিয়ে আপনাকে সাহায্য করার জন্য একজন পেশাদার নিয়োগের কথা বিবেচনা করুন। এই পেশাদারদের "কাউন্সেল" (পরামর্শদাতা) বলা হয়। তারা আইনজীবী বা অভিবাসন পরামর্শদাতা হতে পারেন। কিছু জায়গায়, আপনি পরামর্শদাতা হিসেবে একজন নোটারি পাবলিক বা প্যারালিগ্যালকেও নিয়োগ করতে পারেন।<br><br>আপনি যদি পরামর্শদাতা নিয়োগ করতে চান, তাহলে আপনার যত তাড়াতাড়ি সম্ভব তা করা উচিত। আপনার পরামর্শদাতার খরচ/পারিশ্রমিক বহন করার জন্য আপনি দায়ী থাকবেন, যদি না আপনি আপনার প্রদেশের কোনও আইনি সহায়তা সংস্থার কাছ থেকে সাহায্য পাওয়ার যোগ্য হন। আইনি সহায়তা অফিসগুলির একটি তালিকা আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে পাওয়া যাবে।<br><br>যদি আপনার কোন পরামর্শদাতা থাকে, তারা আপনার শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করবেন। শুনানির আগে, তারা আপনার সাথে আপনার শরণার্থী দাবি নিয়ে আলোচনা করবেন এবং আপনার দাবির সমর্থনে কী কী প্রমাণাদি সংগ্রহ এবং সরবরাহ করা উচিত সে সম্পর্কে আপনাকে পরামর্শ দেবেন এবং তারা আপনাকে শুনানির জন্য প্রস্তুত হতে সাহায্য করবেন। |
| **বর্ণনাকারী:** আপনি যদি কোন বন্ধু, পরিবারের সদস্য, অথবা স্বেচ্ছাসেবককে আপনার প্রতিনিধিত্ব করার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত নেন, তাহলে তারা আপনার কাছ থেকে কোনও পারিশ্রমিক নিতে পারবেন না। এই পরিস্থিতিতে, সেই ব্যক্তিকে অবশ্যই *নটিশ অফ রিপ্রেজেনটেশান উইদআউট এ্যা ফি অর আদার কনসিডারেশান* (*ফি ছাড়াই প্রতিনিধিত্বের নোটিশ বা অন্যান্য বিবেচনা*) ফর্ম পূরণ করতে হবে।<br><br>আপনি এই ফর্মটি আই.আর.বি (IRB) ওয়েবসাইটের রেফিউজী ক্লেইম্স (শরণার্থী দাবি) বিভাগে ফর্মস (forms)-এর অধীনে পাবেন।<br><br>কাহারও দ্বারা আপনাকে প্রতিনিধিত্ব হতে হবে না। নিজের প্রতিনিধিত্ব করার অর্থ হল আপনাকে বেছে নিতে হবে যে আপনার দাবির সমর্থনে কোন প্রমাণাদি উপস্থাপন করবেন এবং কোন যুক্তি প্রদান করবেন। |

**বর্ণনাকারী:** আপনার শুনানিতে উপস্থিত হওয়ার আগে, এটা জানা গুরুত্বপূর্ণ যে আপনার শুনানিতে কে থাকতে পারেন এবং কেন থাকতে পারেন।

**বর্ণনাকারী:** মেম্বার (সদস্য) হলেন সেই ব্যক্তি যিনি সিদ্ধান্ত নেন যে আপনাকে শরণার্থী হিসেবে গ্রহণ করা হবে কিনা।

দাবি প্রক্রিয়ার শুরুতে তারা আর.পি.ডি (RPD)-তে আপনার দেওয়া সমস্ত নথিপত্র দেখবেন। তারা আপনার শরণার্থী দাবি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং মামলা সম্পর্কে আপনার বা আপনার পরামর্শদাতার যা বলার আছে তা শুনবেন এবং তারপর তারা আপনার দাবি সম্পর্কে সিদ্ধান্ত নেবেন।

**বর্ণনাকারী:** কিছু ক্ষেত্রে, মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) শুনানিতে অংশগ্রহণ করেন। আপনি কাউন্সেল (পরামর্শদাতা/ আইনজীবী) হিসেবে যাকে নিয়োগ করেছেন তিনি তার থেকে আলাদা।

*মিনিস্টার্স* কাউন্সেল (*মন্ত্রীর* আইনজীবী) কানাডা বর্ডার সার্ভিসেস এজেন্সি বা ইমিগ্রেশন, রিফিউজি এ্যান্ড সিটিজেনশিপ কানাডা-র হয়ে কাজ করেন এবং মিনিস্টার অফ পাবলিক সেইফটি অথবা মিনিস্টার অফ ইমিগ্রেশন, রিফিউজি এ্যান্ড সিটিজেনশিপ-এর প্রতিনিধিত্ব করেন।

মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) কেবল তখনই অংশগ্রহণ করেন যখন তাদের আপনার দাবি সম্পর্কে উদ্বেগ থাকে বা তারা এর বিরোধি। তারা আর.পি.ডি (RPD) এবং আপনার কাছে *নটিশ অফ ইন্টারভেনশান* (*হস্তক্ষেপের নোটিশ*) পাঠিয়ে অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন কিনা তা আপনাকে জানাবেন।

শুনানির 10 দিনের মধ্যে আপনার এই নোটিশটি পাওয়া উচিত। সেই নোটিশে মিনিস্টার্স কাউন্সেল-এর (মন্ত্রীর আইনজীবীর) ঠিকানা থাকবে।

যদি মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) আপনার শুনানিতে অংশগ্রহণ করেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার দাবিদারের নথিপত্রের একটি অনুলিপি তাদের কাছে পাঠাতে হবে এবং আর.পি.ডি (RPD)-কে জানাতে হবে যে আপনি তা করেছেন।

মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) আপনার এবং আর.পি.ডি (RPD)-র কাছে প্রমাণ জমা দিয়ে লিখিতভাবে অংশগ্রহণ করতে পারেন, অথবা তারা আপনার শুনানিতে উপস্থিত হয়ে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

মনে রাখবেন, মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) অংশগ্রহণ করলেও, একজন আর.পি.ডি (RPD) সদস্য আপনার দাবির সিদ্ধান্ত নেবেন।

**বর্ণনাকারী:** আপনার শুনানিতে আপনি বিনামূল্যে একজন দোভাষীও রাখতে পারেন।

যখন আপনি প্রথম কানাডায় আসেন, তখন আপনি একটি *বেসিস অফ ক্লেইম* (*দাবির ভিত্তি*) *ফর্ম* পূরণ করেছিলেন। সেই ফর্মে, আপনি একজন দোভাষীর জন্য অনুরোধ করতে পারতেন।

যদি আপনি সেই সময়ে একজন দোভাষী না চেয়ে থাকেন কিন্তু আপনার একজনের প্রয়োজন হয়, আপনি আর.পি.ডি (RPD)-কে চিঠি লিখে একজন দোভাষীর অনুরোধ করতে পারেন। আর.পি.ডি (RPD)-কে অবশ্যই জানাবেন যে কোন ভাষা এবং উপভাষায় কথা বলা দোভাষী আপনার প্রয়োজন। যদি আপনি একজন দোভাষীর অনুরোধ করেন, তাহলে আর.পি.ডি (RPD) আপনার শুনানিতে উপস্থিত থাকার জন্য বিনামূল্যে একজন দোভাষীর অনুসন্ধান করবে।

| |
|---|
| আপনার শুনানিতে বলা কোনও কথা দোভাষীদের কারও সাথে বন্টন করার অনুমতি নেই।<br><br>শুনানির সময় যদি আপনার দোভাষীর কথা বুঝতে সমস্যা হয়, তাহলে অবিলম্বে মেম্বার (সদস্য)-কে তা জানাতে ভুলবেন না। |
| **বর্ণনাকারী:** আপনার শুনানিতে একজন সাক্ষীও উপস্থিত হতে পারেন। তিনি এমন একজন যিনি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন এবং মেম্বার (সদস্য)-কে আপনার শরণার্থী দাবির বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য তথ্য প্রদান করতে পারেন।<br><br>যদি আপনি চান যে আপনার শুনানিতে একজন সাক্ষী সাক্ষ্য দিক, তাহলে শুনানির কমপক্ষে 10 দিন আগে আর.পি.ডি (RPD)-কে লিখিতভাবে অবহিত করুন।<br><br>যখন আপনি আর.পি.ডি (RPD)-কে লিখবেন, তখন আপনার শুনানিতে সাক্ষ্য দিতে চান এমন প্রতিটি সাক্ষীর আপনার সাথে আপনার সম্পর্ক, তাদের সাক্ষ্য দেওয়ার কারণ, তাদের সাক্ষ্য প্রদান করার সময়কাল এবং তাদের দোভাষীর প্রয়োজন কিনা তা আপনার চিহ্নিত করা উচিত। |
| **বর্ণনাকারী:** আপনার শুনানিতে একজন পর্যবেক্ষকও রাখতে পারবেন। তিনি আপনার পরিবারের সদস্য বা বন্ধু হতে পারেন যাকে আপনি মানসিক সহায়তার জন্য সেখানে রাখতে চান। শুনানি জনসাধারণের জন্য উন্মুক্ত নয়, তবে আপনার সম্মতিতে পর্যবেক্ষকদের অনুমতি দেওয়া যেতে পারে।<br><br>পর্যবেক্ষকরা আপনাকে সমর্থন করার জন্য থাকবেন এবং শুনানিতে অংশগ্রহণ করতে পারবেন না। |
| **বর্ণনাকারী:** আপনার শুনানি ভার্চুয়াল শুনানি অথবা সশরীরে শুনানির হিসেবে নির্ধারিত করা হতে পারে। ভার্চুয়াল শুনানির জন্য, আপনাকে একটি ব্যক্তিগত, নিরিবিলি স্থানে থাকতে হবে।<br><br>আপনার অবশ্যই একটি অভেদ্য ইন্টারনেট সংযোগ থাকতে হবে। ইন্টারনেট সংযোগে কোনও সমস্যার ক্ষেত্রে আমরা আপনাকে ওয়েবক্যাম সহ একটি কম্পিউটার বা ট্যাবলেট ব্যবহার করার এবং একটি ফোনের অধিগম্যতা রাখার পরামর্শ দেই।<br><br>আপনার ভার্চুয়াল শুনানি *মাইক্রোসফ্ট টিমস*-এ অনুষ্ঠিত হবে।<br><br>এটি স্থাপন করতে যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আমাদের ওয়েবসাইটে একটি নির্দেশিকা রয়েছে।<br><br>আপনার শুনানির আনুমানিক পাঁচ দিন আগে, আর.পি.ডি (RPD) আপনাকে বা আপনার পরামর্শদাতাকে শুনানির একটি লিঙ্ক ইমেল করবে। শুনানির দিন এলে, ভার্চুয়াল শুনানিতে যোগদানের জন্য লিঙ্কটিতে ক্লিক করুন। আপনার অডিও এবং ভিডিও কাজ করছে কিনা তা নিশ্চিত করার জন্য শুনানি শুরুর কমপক্ষে 15 মিনিট আগে আপনার শুনানির সাথে সংযুক্ত হওয়া উচিত। |

| |
|---|
| আপনি যদি শুনানিতে আগেভাগে যোগ দেন, তাহলে আপনাকে হয়তো একটি ভার্চুয়াল লবিতে (কক্ষে) অপেক্ষা করতে হতে পারে।<br><br>নির্ধারিত শুনানির প্রায় 15 মিনিট আগে, একজন আই.আর.বি (IRB) কর্মচারী অনলাইনে উপস্থিত হবেন। তারা আপনাকে অভ্যর্থনা জানাতে, আপনার ইন্টারনেট সংযোগ কাজ করছে কিনা তা নিশ্চিত করতে এবং আপনি আপনার শুনানির জন্য প্রস্তুত কিনা তা নিশ্চিত করতে সেখানে উপস্থিত হবেন।<br><br>আপনার সমস্ত নথিপত্র কাছাকাছি রাখুন। আপনার *বেসিস অফ ক্লেইম* (*দাবির ভিত্তি*) *ফর্ম* এবং আর.পি.ডি (RPD)-তে আপনার জমা দেওয়া নথিগুলির অনুলিপি আপনার প্রয়োজন হবে। আপনার শুনানির সময় আপনাকে এই প্রমাণাদি সম্পর্কে প্রশ্ন করা হবে। |
| **বর্ণনাকারী:** যদি আপনার কোন ব্যক্তিগত, নিরিবিলি স্থান বা অভেদ্য ইন্টারনেট সংযোগ না থাকে, অথবা ভার্চুয়াল শুনানি নিয়ে আপনার অন্য কোন উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের জানান।<br><br>আপনি আই.আর.বি (IRB) অফিসে এসে একটি আই.আর.বি (IRB) কম্পিউটার ব্যবহার করে ভার্চুয়ালি শুনানিতে অংশগ্রহণ করতে পারেন।<br><br>আপনি আই.আর.বি (IRB)-এর আঞ্চলিক যোগাযোগের তথ্য পৃষ্ঠায় তালিকাভুক্ত আর.পি.ডি (RPD) রেজিস্ট্রিতে (নিবন্ধীকরণে) যোগাযোগ করে আই.আর.বি (IRB) সরঞ্জাম ব্যবহারের জন্য অনুরোধ করতে পারেন।<br><br>যদি আপনার এবং সিদ্ধান্ত গ্রহণকারীর আই.আর.বি (IRB) অফিসে সরাসরি উপস্থিত থেকে শুনানির প্রয়োজন হয়, তাহলে আপনাকে অবশ্যই আমাদের জানাতে হবে কেন।<br><br>আপনি এ্যাপলিকেশান ফর এন ইন-পার্সন হিয়ারিং (সশরীরে শুনানির জন্য আবেদন) ফর্মটি পূরণ করে সশরীরে শুনানির জন্য অনুরোধ করতে পারেন। আপনি আমাদের ওয়েবসাইটে এই ফর্মটি পেতে পারেন।<br><br>আমরা আপনাকে আমাদের ওয়েবসাইটের ফর্মটি ব্যবহার করার পরামর্শ দিচ্ছি কারণ ফর্মটি আপনাকে ব্যাখ্যা করতে সাহায্য করবে কেন আপনি সশরীরে শুনানির অনুরোধ করছেন। |
| **বর্ণনাকারী:** কিছু পরিস্থিতিতে, আর.পি.ডি (RPD) আপনার দাবির জন্য সশরীরে শুনানির সময় নির্ধারণ করতে পারে। উদাহরণস্বরূপ, যদি মন্ত্রীর আইনজীবী আপনার দাবিতে অংশগ্রহণ করেন, তাহলে তারা আপনার শুনানি সশরীরে, একই ঘরে সকলের সাথে করার জন্য অনুরোধ করতে পারেন। যদি তাই হয়, তাহলে আপনার নোটিস টু এ্যাপিয়ার (হাজি হওয়ার নোটিস)-এ আপনার সশরীরে শুনানিতে কীভাবে উপস্থিত হতে হবে তার নির্দেশনা থাকবে। |
| **বর্ণনাকারী:** যদি আপনার শুনানি আই.আর.বি (IRB) অফিসে অনুষ্ঠিত হয়, তাহলে আপনার এবং আপনার সাক্ষী এবং পর্যবেক্ষকদের শুনানির কমপক্ষে 30 মিনিট আগে পৌঁছানো নিশ্চিত করা আপনার উপর নির্ভর |

| |
|---|
| করে।<br><br>সবাই যখন এসে ফ্রন্ট ডেস্ক-এ চেক-ইন করবেন (হাজিরা দেবেন), তখন আপনাকে সেই কক্ষে নিয়ে যাওয়া হবে যেখানে আপনার শুনানি অনুষ্ঠিত হবে।<br><br>আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম (দাবির ভিত্তির ফর্ম)*, আপনার *নটিস টু এ্যাপিয়ার* (*হাজির হওয়ার নোটিশ*) এবং আর.পি.ডি (RPD)-তে জমা দেওয়া সমস্ত নথির অনুলিপি, আপনার মূল নথি সহ, অবশ্যই সাথে আনবেন। |
| **বর্ণনাকারী:** আপনার শুনানি সশরীরে, দূরবর্তী স্থান থেকে ভার্চুয়ালভাবে অথবা আই.আর.বি (IRB) প্রাঙ্গণ থেকে ভার্চুয়ালভাবে, যাই হোক না কেন, আপনার শুনানির জন্য প্রস্তুত থাকার জন্য কী আশা করা উচিত তা জানা গুরুত্বপূর্ণ। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবি প্রক্রিয়া সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য, আই.আর.বি (IRB)-এর ওয়েবসাইটে যান অথবা সাধারণ প্রশ্নের জন্য আমাদের শুল্কমুক্ত নম্বর 1-833-931-5121-এ কল করুন। |
| **বর্ণনাকারী:** আপনি স্ক্রিন-এর কিউ.আর (QR) কোডটি স্ক্যান করে *কনট্যাক্ট আস* (*আমাদের সাথে যোগাযোগ করুন*) পৃষ্ঠাটিতে যেতে পারেন, যেখানে আপনি কোথায় নথি জমা দিতে হবে এবং আপনার কোনও প্রশ্ন থাকলে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কে তথ্য পাবেন। |